

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ২৩, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২২ মার্চ ২০১০ খ্রিস্টাব্দ/চ চৈত্র ১৪১৬ বঙ্গাব্দ

এস, আর, ও, নং ৮৫-আইন/২০১০।—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—(১) এই বিধিমালা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান (দায়িত্ব, কর্তব্য ও আর্থিক সুবিধা) বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) ‘আইন’ অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ আইন) (২০০৯ সনের ২৭ নং আইন দ্বারা পুনঃপ্রচলিত ও সংশোধিত);

(২) ‘চেয়ারম্যান’ অর্থ উপজেলা পরিষদের চেয়ারম্যান;

( ১৭৪৭ )

মূল্য : টাকা ৪.০০

- (৩) ‘ধারা’ অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর কোন ধারা;
- (৪) ‘পরিষদ’ অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) (২০০৯ সনের ২৭ নং আইন দ্বারা পুনঃপ্রচলিত ও সংশোধিত) এর ধারা ৬ অনুযায়ী গঠিত উপজেলা পরিষদ;
- (৫) ‘ভাইস চেয়ারম্যান’ অর্থ আইনের ধারা ৬ এর উপ-ধারা (১) এক দফা (খ) তে বর্ণিত উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান।

৩। উপজেলা পরিষদের চেয়ারম্যানের দায়িত্ব ও কর্তব্য।—আইনের বিধানাবলীকে ক্ষুণ্ণ না করিয়া চেয়ারম্যান নিম্নবর্ণিত দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন, যথাঃ—

- (১) পরিষদের দৈনন্দিন প্রশাসনিক কাজ পরিচালনা করিবেন;
- (২) পরিষদের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং উহাতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন;
- (৩) পরিষদের কর্মকর্তা কর্মচারীদের তত্ত্বাবধান করিবেন;
- (৪) পরিষদের ন্যস্তকৃত বা প্রেরণে নিযুক্ত কর্মকর্তা-কর্মচারী ব্যতীত, পরিষদের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ও তাহাদের বিরুদ্ধে, প্রয়োজনে, শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন;
- (৫) পরিষদের বিভিন্ন কার্যাবলী সংক্রান্ত প্রস্তাব এবং প্রকল্প, পরিষদের পক্ষে, প্রস্তুত করিবার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করিবেন;
- (৬) ধারা ৩ এর অধীন ঘোষিত উপজেলা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংরক্ষণ করিবেন;
- (৭) ধারা ৩০ এর বিধান সাপেক্ষে পরিষদের নামে সম্পাদিত সকল চুক্তি স্বাক্ষর করিবেন এবং একই ধারার উপ-ধারা (২) এবং (৩) এর বিধান অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন;
- (৮) ধারা ৪৪ এবং চতুর্থ তফসিল এর ক্রমিক ৬ এর বিধান সাপেক্ষে পরিষদের আওতাধীন বিভিন্ন ব্যবসা, বৃত্তি ও পেশার উপর পরিষদ কর্তৃক প্রদেয় লাইসেন্স ও পারমিট ইস্যু করিবেন;

- (৯) ধারা ৫৯ এবং পঞ্চম তফসিলের বিধান সাপেক্ষে এই আইনের অধীন অপরাধ সংক্রান্ত কোন অভিযোগ প্রত্যাহার বা অভিযুক্ত ব্যক্তির সহিত আপোষ নিষ্পত্তির লক্ষ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন;
- (১০) ধারা ৬৫ এর বিধান সাপেক্ষে সরকার কর্তৃক, সময় সময়, অর্পিত সকল বা যে কোন কার্য সম্পাদন করিবেন;
- (১১) ধারা ৬৬ এর বিধান বাস্তবায়নের লক্ষ্যে পরিষদের পক্ষে মামলা দায়ের ও পরিচালনা করিবার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন;
- (১২) আইনের দ্বিতীয় তফসিলে নির্ধারিত পরিষদের কার্যাবলী বাস্তবায়ন, বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন কার্যাদির অগ্রগতি পর্যালোচনা এবং ভাইস চেয়ারম্যানদের উপর ন্যস্তকৃত দায়িত্ব তদারকি ও মনিটর করিবেন;
- (১৩) এই আইনের অধীন তাঁহার উপর অর্পিত সকল বা যে কোন দায়িত্ব পালন করিবেন।

৪। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের দায়িত্ব ও কর্তব্য।—আইনের বিধানাবলীকে ক্ষুণ্ণ না করিয়া ভাইস চেয়ারম্যানের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথাঃ—

- (১) পরিষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হইয়া এক বা একাধিক স্থায়ী কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করিবেন এবং সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।
- (২) ধারা ১৫ এর উপ-ধারা (৩) এর বিধান সাপেক্ষে চেয়ারম্যানের অনুপস্থিতিতে পরিষদের অস্থায়ী চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করিবেন।
- (৩) আইনের দ্বিতীয় তফসিলে নির্ধারিত বিভিন্ন দায়িত্ব ও কার্যাবলীর মধ্য হইতে পরিষদের নিকট, সময়ে সময়ে, নিম্নবর্ণিত বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব পেশ বা, ক্ষেত্রমত, সুপারিশ প্রদান করিবেন, যথাঃ—
  - (ক) উপজেলা পর্যায়ে শিক্ষা প্রসারের জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ এবং উক্ত শিক্ষা বিষয়ক কর্মসূচিতে সহায়তা প্রদান বিষয়ক;

- (খ) মাধ্যমিক শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা কার্যক্রমের মান উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলির কার্যক্রম তদারকী ও উহাদিগকে সহায়তা প্রদান বিষয়ক;
- (গ) আন্তঃইউনিয়ন সংযোগকারী রাস্তা নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত;
- (ঘ) ভূ-উপরিস্থ পানি সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করিবার জন্য, সরকারের নির্দেশনা অনুসারে, পরিষদে ক্ষুদ্র সেচ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত;
- (ঙ) সন্ত্রাস, জঙ্গিবাদ, চুরি, ডাকাতি, চোরাচালান, মাদক দ্রব্য ব্যবহার ইত্যাদি অপরাধ সংগঠিত হওয়ার বিরুদ্ধে জনমত সৃষ্টিসহ অন্যান্য প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ সংক্রান্ত;
- (চ) পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সামাজিক বনায়নসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ সংক্রান্ত;
- (ছ) যুব, ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমের ব্যাপক প্রসার এবং বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান সংক্রান্ত;
- (জ) কৃষি এবং বনজ সম্পদ উন্নয়নে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত;
- (ঝ) সরকার বা, ক্ষেত্রমত, চেয়ারম্যান কর্তৃক সুনির্দিষ্টভাবে তাঁহার উপর অর্পিত দায়িত্ব ও কার্যাবলী নিষ্পন্নকরণ সংক্রান্ত।

৫। উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যানের দায়িত্ব ও কর্তব্য।—আইনের বিধানাবলীকে ক্ষুণ্ণ না করিয়া মহিলা ভাইস চেয়ারম্যানের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথাঃ—

- (১) পরিষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হইয়া এক বা একাধিক স্থায়ী কমিটির সভাপতি হিসাবে দায়িত্ব পালন করিবেন এবং সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।
- (২) ধারা ১৫ এর বিধান উপ-ধারা (৩) এর বিধান সাপেক্ষে চেয়ারম্যানের অনুপস্থিতিতে পরিষদের অস্থায়ী চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করিবেন।

- (৩) আইনের দ্বিতীয় তফসিলে নির্ধারিত বিভিন্ন দায়িত্ব ও কার্যাবলীর মধ্য হইতে পরিষদকে, সময়ে সময়ে, নিম্নবর্ণিত বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব বা, ক্ষেত্রমত, সুপারিশ প্রদান করিবেন, যথা ঃ—
- (ক) স্বাস্থ্য, পুষ্টি, পরিবার পরিকল্পনা ও মাতৃমঙ্গল সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে করণীয় ব্যবস্থাাদি সম্পর্কিত;
- (খ) স্যানিটেশন ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নতি সাধন এবং সুপেয় পানীয় জলের সরবরাহ ব্যবস্থা সংক্রান্ত;
- (গ) মহিলা ও শিশুদের সার্বিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে করণীয় ব্যবস্থা চিহ্নিতকরণসহ প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং বাস্তবায়ন;
- (ঘ) কুটির ও ক্ষুদ্র শিল্প স্থাপন ও বিকাশের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত;
- (ঙ) আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের জন্য নিজ উদ্যোগে কর্মসূচি গ্রহণ, বাস্তবায়ন এবং এতদসম্পর্কে সরকারি কর্মসূচি বাস্তবায়নে সরকারকে সার্বিক সহায়তা প্রদান সম্পর্কিত;
- (চ) নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও বাল্য বিবাহ, ইত্যাদি রোধকল্পে ইহার বিরূপ প্রতিক্রিয়া সম্পর্কে জনমত সৃštisহ অন্যান্য প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ সংক্রান্ত;
- (ছ) গবাদি পশু এবং মৎস্য সম্পদ উন্নয়নে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত;
- (জ) সমবায় সমিতি ও বেসরকারি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের কাজ তদারকী করাসহ উহাতে সহায়তা প্রদান এবং উহাদের কাজে সমন্বয় সাধন সংক্রান্ত;
- (ঝ) সমাজকল্যাণ ও জনহিতকরমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণসহ উক্ত কর্মকাণ্ড বাস্তবায়নকল্পে করণীয় ব্যবস্থাাদি চিহ্নিতকরণ সংক্রান্ত;
- (ঞ) সরকার বা, ক্ষেত্রমত, চেয়ারম্যান কর্তৃক সুনির্দিষ্টভাবে তাঁহার উপর অর্পিত দায়িত্ব ও কার্যাবলী নিষ্পন্নকরণ সংক্রান্ত।

৬। উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের প্রাপ্য আর্থিক সুবিধাদি।—(১) চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের আর্থিক সুবিধাদি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) সম্মানী ভাতা :

(অ) চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের মাসিক সম্মানী ভাতার হার হইবে নিম্নরূপ, যথা :—

পদের নাম	সম্মানীর পরিমাণ (অঙ্ক/কথায়)
চেয়ারম্যান	১০,০০০ (দশ হাজার টাকা মাত্র)
ভাইস চেয়ারম্যান	৭,৫০০ (সাত হাজার পাঁচশত টাকা মাত্র)

(আ) চেয়ারম্যান বা কোন ভাইস চেয়ারম্যান ফৌজদারী অপরাধে অভিযুক্ত হইলে, এতদসম্পর্কিত আইনের বিধানাবলী সাপেক্ষে, তিনি উক্ত সময়ের সম্মানী ভাতা উত্তোলন করিতে পারিবেন না :

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান তাঁহার বিরুদ্ধে অনীত অভিযোগ হইতে অব্যাহতি পাইলে বা বেকসুর খালাসপ্রাপ্ত হইলে তিনি সমুদয় অর্থ বকেয়া হিসাবে উত্তোলন করিতে পারিবেন।

(খ) ভ্রমণ ভাতা :

চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান সরকারের প্রথম শ্রেণীর কর্মকর্তার জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুসরণক্রমে সরকার নির্ধারিত হারে ভ্রমণ ভাতা প্রাপ্য হইবেন।

(গ) কার্যভার ভাতা :

চেয়ারম্যানের অনুপস্থিতির কারণে অস্থায়ী চেয়ারম্যান দায়িত্ব ভাতা হিসাবে প্রথম ছয় মাসের জন্য মাসিক ১০০০ (এক হাজার) টাকা হারে এবং পরবর্তী সময়ের জন্য মাসিক ৫০০ (পাঁচশত) টাকা হারে কার্যভার ভাতা প্রাপ্য হইবেন :

তবে শর্ত থাকে যে, তাঁহার দায়িত্বকাল ১ (এক) মাসের অধিক না হইলে তিনি কার্যভার ভাতা প্রাপ্য হইবেন না।

- (২) সরকার, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি সাপেক্ষে, সময়ে সময়ে, সরকারি আদেশ দ্বারা উপ-বিধি  
(১) এ বর্ণিত মাসিক সম্মানী ভাতা ও কার্যভার ভাতার পরিমাণ হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

৭। চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের প্রাপ্য আর্থিক সুবিধাদির ব্যয় নির্বাহ।—বিধি ৬ এ উল্লিখিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের প্রাপ্য আর্থিক সুবিধাদি সংশ্লিষ্ট উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে নির্বাহ করা হইবে।

৮। বিশেষ বিধান।—চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচন পরবর্তী কার্যভার গ্রহণের তারিখ হইতে পরিষদের রাজস্ব তহবিলে অর্থ থাকা সাপেক্ষে, এই বিধিমালা কার্যকর হইবার তারিখ পর্যন্ত বিধি ৬ এ নির্ধারিত হারে সম্মানী ভাতা বকেয়া হিসাবে উত্তোলন করিতে পারিবেন।

৯। রহিতকরণ ও হেফাজত।—(১) এই বিধিমালা প্রবর্তনের সংগে সংগে ইতিপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত বিধি, পরিপত্র এবং নির্দেশনাসমূহ, যদি থাকে, রহিত বলিয়া গণ্য হইবে।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিতকৃত বিধি, পরিপত্র বা নির্দেশনার আলোকে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান কর্তৃক কোন কার্যাদি সম্পন্ন করা হইলে বা কোন দায়িত্ব বা কর্তব্য পালন করা হইলে উহা এই বিধিমালার অধীন কৃত বা সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মনজুর হোসেন

সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)